



ঈদ এলো

হায়াত মাহমুদ

ঈদ এলো ভাই ঈদ এলো
সবার ঘরে ঘরে
গরীব দুঃখি ধনবান
সকলেরই তরে ।

ঈদের খুশীর বাজবে বাঁশী
সব মানুষের তরে
এমন দিনে মিলবো মোরা
সবার ঘরে ঘরে ।

রোগে-শোকে কাতর যারা
তারাও উঠুক হেসে
বিভেদ ভুলে মিষ্টি খাবো
সবাই নতুন বেশে ।

ঈদের দিনে সবার সাথে
মিশবো খোলা মেলা
খুশির মাঝে এমনি ভাবে
কাটিয়ে দেবো বেলা ।

সবার মনে থাকুক টিকে
ঈদের খুশির রেশ
সারা জীবন রাখবো ধরে
না হয় যেন শেষ ।

ঈদগাঁ মাঠে সবাই মিলে
করবো মোনাজাত
বিশ্বে তরে শান্তি চেয়ে
তুলবো সবাই হাত ।

Eid Mubarak

